উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ০৫ নং দুলাই মডেল ইউনিয়ন পরিষদ কার্যালয়

পোঃ দুলাই, উপজেলাঃ সুজানগর, পাবনা।

ফোনঃ ০১৭২৪১৩৮০৭২.০১৩১৭৪৮৮৭৬০. **Email:**dulaiup2021@gmail.com


স্মারক ঃ ৪৬.৪৩.৭৬৮৩.১৯.১৩.০০১.২০২২- তারিখ ঃ ৩০/০৩/২০২২ খ্রিস্টাব্দ

## দুলাই মডেল ইউনিয়ন পরিষদের মার্চ /২০২২ মাসের সাধারণ সভার কার্য বিবরণী :

সভাপতি : জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান,
চেয়ারম্যান,
০৫ নং দুলাই মডেল ইউপি,
সুজানগর,পাবনা।

তারিখ ঃ ৩০/০৩/২০২২ ইং সময় : সকাল ১১.০০ঘটিকা সভার স্থান ঃ ইউপি কমপ্লেক্স ভবন মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ উপস্থিত সদস্যবৃন্দ তালিকা (পরিশিষ্ট ক )

আলোচ্য বিষয় সমূহ ঃ
১। এলজিএসপি-৩ প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গে।
২। কৃষি প্রণদনা তালিকা প্রস্তুত করন প্রসঙ্গে।
৩। পাট চাষীদের নিবাচন প্রসঙ্গে।
৪। গ্রাম আদালত পরিচালনা প্রসঙ্গে।
৫। টি আর প্রকল্প গ্রহন প্রসঙ্গে।
৬। বিবিধ
আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ ঃ

| ক্র: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ ব্যক্তি |
|---|---|---|---|
| ০১ | ***বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন :*** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান । এতে কোনরুপ সংশোধন না থাকায় তাহা সর্ব সম্মত ভাবে গৃহিত হয়। এরপর সভাপতি মহোদয় সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা। |
| ০২ | ***এলজিএসপি-৩ প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গেঃ*** সভাপতি মহোদয় জানান,যে গত ০৮-০৩-২০২২ তারিখে উপজেলা বিবিসিজি সভায় ০২টি প্রকল্প অনুমোদন হয়েছে। যাহার স্মারক নং: ০৫.৪৩.৭৬৮৬.০০০.৩৪.০১৪-২৭৩ তারিখঃ ০৮.০৩.২০২২ \| উক্ত প্রকল্প ২টি দ্রুত বাস্তবায়নের জন্য সকল প্রস্তুতি গ্রহন করার জন্য সবাইকে অনুরোধ করেন।আগামী এপ্রিল মাসের মধ্যে প্রকল্পের কাজ সেখ করে বিল উত্তোলনের জন্য প্রকল্প সভাপতিকে নিদেশ প্রদান করে। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | ***কৃষি প্রণদনা তালিকা প্রস্তুত করন প্রসঙ্গেঃ***<br>সভায় সভাপতি সাহেব জানান যে, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার বিভাজনকৃত দুলাই ইউনিয়ন পরিষদের ৩০০ জন প্রান্তিক কৃষক নির্বাচন করেছে। প্রত্যেক কৃষককে ৫ কেজি ধান বীজ , ১০ কেজি এমপিও সার ও ২০ কেজি ডিএপি সার প্রদান করা হবে। উক্ত বিষয় বিবেচনা করে বিশদ আলোচনা করে সবাইকে ওয়ার্ড ভিত্তিক কৃষক বাছাই করার জন্য নির্দেশ দেন । আগামী ০২ দিনের মধ্যে ৩০০ জন প্রান্তিক কৃষককে তালিকা করার জন্য প্রত্যেকের এক কপি ভোটার আইডি এক কপি ছবি ও মোবাইল নং সহ ইউনিয়ন পরিষদে জমা প্রদানের জন্য বলা হলো। উপজেলা হতে প্রাপ্ত চিঠির আলোকে নীতিমালা অনুসরন করে ৩০০ জন শ্রমিক বাছাই করে উপজেলা কমিটির নিকট পাঠানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয় । | জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা । |
| ০৪ | ***পাট চাষীদের নিবাচন প্রসঙ্গেঃ***<br>সভাপতি সাহেব সভায় জানান,যে উপজেলা পাট অফিস হতে একখানা পত্র পাওয়া গিয়েছে। পত্রখানা সভায় পরে সবাইকে শুনান এবং জানান যে দুলাই ইউনিয়নের প্রান্তিক পাট চাষীদের এক কেজি বীজ,৬কেজি ইউরিয়া,৩কেজি পটাশ ও ৩কেজি এমপিও সার প্রদান করবে সেই লক্ষে ২৫০ জন পাট চাষীদের তালিকা নির্বাচন করেছে। উক্ত তালিকা সংশোধন করে নতুন তালিকা প্রদান করার জন্য সকল সদস্যদের বিনীত অনুরোধ জানান। আগামী ২ দিনের মধ্যে উক্ত তালিকা পরিষদের জমা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা। |
| ০৫ | গ্রাম আদালত পরিচালনা প্রসঙ্গো<br>সভাপতি মহোদয় সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের অর্ন্তগত যে সকল মামলার আর্থিকমুল্য ৭৫০০০/- টাকার সমমুল্যের সকল মামলা গ্রাম আদালতের এখতিয়ার। তাই পরিষদে যেন প্রতি সপ্তাহে নিয়মিত গ্রাম আদালত পরিচারনা করতে পারি যে জন্য আপনাদের সকলে সাহায্য দরকার। আর গ্রাম আদালত আইন বই সকল সদস্যদের পড়ার প্রতি জোড় দাবি জানান। আগে আমাদের গ্রাম আদালত সহকারী নিয়োগ করা ছিল কিন্তু এখন হিসাব সহকারী সরকার হতে নিয়োগ প্রদান করেছেন। তাই কোন ওয়ার্ডের ছোট খাটো সমস্যা হলে থানায় না পাঠিয়ে গ্রাম আদালতে পাঠানোর দাগিত দিতে হবে তাহলে জনগন সহজ শর্তে অল্প খরচে সঠিক বিচার পাবে। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা। |
| ০৬ | টি আর প্রকল্প গ্রহন প্রসঙ্গেঃ সভায় নিম্নলিখিত প্রকল্পগুলি গ্রহন করা হয়। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমান |
|---|---|---|
| ১ | দুলাই চরদুলাই জামিউল উলুম হাফিজিয়া মাদ্রাসা উন্নয়ন। | ৫০,০০০/= |
| ২ | চিনাখড়া মাষ্টারপাড়া জামে মসজিদের উন্নয়ন । | ৫০,০০০/= |
| ৩ | রাইশিমুল পশ্চিমপাড়া গোরস্থানে মাটিভরাট। | ৫০,০০০/- |
| ৪ | দুলাই বাজার জামে মসজিদের উন্নয়ন। | ১,০০,০০০/- |
| ৫ | বামুন্দী আমিন মন্ডলের নতুন মসজিদের উন্নয়ন। | ৯১,৮৬১/- |
| মোট= | ৩,৪১,৮৬১/= | |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | বিবিধঃ | | |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। এবং উক্ত সভার কার্য বিবরণীর কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য সচিব সাহেবকে অনুরোধ জানান।

৩০-০৩-২০২২
(মোঃ সিরাজুল ইসলাম শাহজাহান)
সভাপতি
ইউপি মাসিক সভা
০৫নং দুলাই মডেল ইউনিয়ন পরিষদ
সুজানগর ,পাবনা।

জনাব ......................................
ইউপি সদস্য, ....... নং ওয়ার্ড (সকল)